

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.১৯০

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৫

১০ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর-এর লাইব্রেরী জামানতের অর্থ লাইব্রেরী উন্নয়নের কাজে ব্যয়ের  
অনুমতি প্রসঙ্গে

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৯-০৭-২০১৮ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০১০.২০১৬-৯৭৪৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দিনাজপুর জেলার দিনাজপুর সরকারি কলেজের লাইব্রেরী জামানতের অব্যয়িত ৮,২৪,৮৮২(আট লক্ষ চব্বিশ হাজার আটশত বিরাশি) টাকা লাইব্রেরী উন্নয়নের স্বার্থে নিম্নোক্ত শর্তে ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

- ক) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- খ) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;
- গ) শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঘ) PPA, PPR এবং অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে;
- ঙ) অনুমোদন প্রাপ্তির ছয় মাসের মধ্যে কাজ সম্পন্ন করে কাজ সমাপ্তির প্রতিবেদন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অন্যথায় অনুমোদন পত্রটি বাতিল বলে গণ্য হবে।



১০-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম

উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.১৯০/১(৫)

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৫

১০ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১০-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব